ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-৫০০
আগরতলা,২১ জুন,২০২৪

# ভারতীয় ন্যায় সংহিতা
## ত্রিপুরা জুডিশিয়াল একাডেমিতে সাংবাদিকদের জন্য কর্মশালা

ভারতীয় ন্যায় সংহিতা, ভারতীয় নাগরিক সুরক্ষা সংহিতা ও ভারতীয় সাক্ষ্য আইন আগামী ১ জুলাই, ২০২৪ থেকে কার্যকর হতে চলেছে। সেদিন থেকে বাতিল হয়ে যাবে ইন্ডিয়ান পেনাল কোড বা আইপিসি কোড অব ক্রিমিনাল প্রসিডিউর বা সিআরপিসি এবং ইন্ডিয়ান এভিডেন্স অ্যাক্ট। নব সংযোজিত এই ফৌজদারি আইনগুলি সম্পর্কে সাধারণ জনগণের মধ্যে সচেতনতা বৃদ্ধি, আইন প্রণয়নকারী বিভিন্ন সংস্থা যাতে আইনগুলি সম্পর্কে আরও বেশি ওয়াকিবহাল হতে পারে তারজন্য বিভিন্ন পর্যায়ে সচেতনতা শিবিরের আয়োজন করা হচ্ছে। আজ এ উপলক্ষে ত্রিপুরা জুডিশিয়াল একাডেমির অডিটোরিয়ামে সাংবাদিকদের জন্য এক কর্মশালার আয়োজন করা হয়। পিআইবি আগরতলা দ্বারা আয়োজিত এই কর্মশালার আয়োজনে সহায়তায় ছিল ত্রিপুরা স্টেট লিগ্যাল সার্ভিস অথরিটি, ত্রিপুরা জুডিশিয়াল একাডেমি, ত্রিপুরা গভর্নমেন্ট ল' কলেজ এবং ন্যাশনাল ল' ইউনিভার্সিটি ত্রিপুরা।

কর্মশালায় বক্তব্য রাখতে গিয়ে অ্যাডভোকেট জেনারেল সিদ্ধার্থ শংকর দে বলেন, এই আইনগুলি প্রণয়নের মাধ্যমে সাধারণ নাগরিকদের অধিকার আরও বলিষ্ঠ রূপে সুনিশ্চিত হবে। স্বাধীনতার ৭৫ বছর পরে ভারতবাসী নিজেরা নিজেদের স্বার্থে আইন তৈরি করেছে। তিনি আশা প্রকাশ করেন এই আইনগুলি দেশের প্রত্যেক নাগরিককে সুবিচার দিতে সক্ষম হবে। বক্তব্য রাখতে গিয়ে রাজ্য পুলিশের মহানির্দেশক (ইন্টিলিজেন্স) অনুরাগ এই তিনটি ফৌজদারি আইন, পুলিশি ব্যবস্থায় আইন প্রণয়ন, অভিযুক্তদের সাজা প্রদান, নির্দোষদের সুবিচার দিতে কীভাবে সহায়তা করবে এবং পূর্ববর্তী আইনগুলিতে কী কী ফাঁকফোকর ছিল তা নিয়ে বিস্তৃত আলোচনা করেন। এছাড়াও আলোচনা করেন ন্যাশনাল ল' ইউনিভার্সিটি ত্রিপুরার উপাচার্য প্রফেসর যোগেশ প্রতাপ সিং ও রেজিস্ট্রার প্রফেসর ড. নচিকেতা মিত্তল, ত্রিপুরা স্টেট লিগ্যাল সার্ভিস অথরিটির মেম্বার সেক্রেটারি ঝুমা দত্ত চৌধুরী। কর্মশালায় সাংবাদিকগণ এবং ত্রিপুরা জুডিশিয়াল একাডেমি, ত্রিপুরা গভর্নমেন্ট ল' কলেজ এবং ন্যাশনাল ল' ইউনিভার্সিটি ত্রিপুরার ছাত্রছাত্রীগণ অংশগ্রহণ করে। কর্মশালায় স্বাগত বক্তব্য রাখেন পিআইবির উপঅধিকর্তা শুভাশিস চন্দ।

*****